গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

| | |
|---|---|
| বিষয় | ঃ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী। |
| সভার তারিখ | ঃ ২৩ মে, ২০২২ খ্রিঃ । |
| সময় | ঃ বেলা ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের কার্যালয়, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। |
| সভাপতি | ঃ মোঃ রফিকুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাপতির অনুমতিক্রমে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দোয়ারাবাজার বলেন এ উপজেলার মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্রাসায় বর্তমানে আইসিটি শিক্ষক রয়েছে। কিন্তু তাঁদের পর্যাপ্ত প্রশিক্ষণ না থাকায় মাল্টিমিডিয়া ক্লাস নিতে সমস্যা হচ্ছে। তিনি মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্রাসার আইসিটি শিক্ষকগণকে ০৪ দিন ব্যাপী মাল্টিমিডিয়া কন্টেন্ট তৈরী এবং মোবাইল অ্যাপ্সের মাধ্যমে ড্যাশ বোর্ডের ক্লাস এন্টি বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের প্রস্তাব করেন।

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন, তিনি নিজে কয়েকটি বিদ্যালয় পরিদর্শন করেছেন, পরিদর্শনকালে ছাত্রীদের ওয়াস রুমের সংকট পরিলক্ষিত হয়েছে। অতএব তিনি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসাগুলো ওয়াস রুমের নির্মাণ করার প্রস্তাব করেন।

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় এ উপজেলার ১০ টি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় ইতিমধ্যে বেঞ্চ সরবরাহ করা হয়েছে। এ অর্থ বছরেও উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অন্যান্য মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসাগুলোতে বেঞ্চ সরবরাহ করার প্রস্তাব করেন।

**সিদ্ধান্তসমূহ ঃ**

১। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসাগুলোতে বেঞ্চ সরবরাহ করার প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদকে সুপারিশ করা হয়।

২। মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্রাসার আইসিটি শিক্ষকগণকে ০৪ দিন ব্যাপী মাল্টিমিডিয়া কন্টেন্ট তৈরী এবং মোবাইল অ্যাপ্সের মাধ্যমে ড্যাশ বোর্ডের ক্লাস এন্টি বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের জন্য উপজেলা পরিষদকে সুপারিশ করা হয়।

৩। এ উপজেলার মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসাগুলো ওয়াস রুমের নির্মাণ করার প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদকে সুপারিশ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
( মোঃ রফিকুল ইসলাম )
সভাপতি
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
তারিখঃ- ২৩/০৫/২০২২ খ্রিঃ।

স্মারক নং- সুনাম/দোয়ারা/উপকা/নত/১৯- ১৬৯
অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ
১। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সুনামগঞ্জ।
অনুলিপি সদয় কার্যার্থে ঃ
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৩। উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৪। উপজেলা ..................................................অফিসার (সংশ্লিষ্ট বিভাগ), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৫। চেয়ারম্যান, ..............................................ইউ/পি (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৬। সংরক্ষণ নথি।

26/05/22
( মোঃ আজাদুর রহমান)
সদস্য সচিব
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি
ও
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

| | |
|---|---|
| বিষয় | ঃ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী। |
| সভার তারিখ | ঃ ২৯ আগস্ট, ২০২১ খ্রিঃ । |
| সময় | ঃ বেলা ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের কার্যালয়, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। |
| সভাপতি | ঃ মোঃ রফিকুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাপতির অনুমতিক্রমে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন তিনি নিজে কয়েকটি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেছেন, পরিদর্শনকালে ছাত্র/ছাত্রীদের আসন সংকট পরিলক্ষিত হয়েছে। অতএব তিনি পরীক্ষা কেন্দ্রগুলোতে এবং মাধ্যমিক বিদ্যালয়গুলোতে বেঞ্চ সরবরাহ করার প্রস্তাব করেন।

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন এ উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসাগুলোতে প্রায় প্রতিটি শ্রেণীতে আসনের সমস্যা রয়েছে। তিনি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসাগুলোতে বেঞ্চ সরবরাহ করার প্রস্তাব করেন।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দোয়ারাবাজার বলেন অত্র উপজেলার বহু মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসাগুলোতে বেঞ্চের সংকট থাকায় শিক্ষার্থীগণ দাড়িয়ে ক্লাস করতে হচ্ছে। তিনি যেসব বিদ্যালয়গুলোতে বেঞ্চ সংকট রয়েছে সেসব বিদ্যালয় ও মাদ্রাসায় বেঞ্চ সরবরাহের অনুরোধ জানান।

**সিদ্ধান্তসমূহ ঃ** অত্র উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসাগুলোতে বেঞ্চ সরবরাহের জন্য উপজেলা পরিষদকে সুপারিশ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

স্বাঃ/-
( মোঃ রফিকুল ইসলাম)
সভাপতি
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি
ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

স্মারক নং- সুনাম/দোয়ারা/উপকা/ন৩/১৯- ১৪৩
তারিখঃ- ২৯/০৮/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ
১। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সুনামগঞ্জ।
অনুলিপি সদয় কার্যার্থে ঃ
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৩। উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৪। উপজেলা ................................................অফিসার (সংশিষ্ট বিভাগ), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৫। চেয়ারম্যান, ..............................................ইউ/পি (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৬। সংরক্ষণ কপি।

২৯/০৮/২১
( মোঃ আজাদুর রহমান )
সদস্য সচিব
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি
ও
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।